# যুক্তরাষ্ট্রে চীনা গাড়ির কারখানা হলে আপত্তি নেই: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

চীনা গাড়ি নির্মাতারা যুক্তরাষ্ট্রে কারখানা স্থাপন করে উৎপাদন করলে আপত্তি নেই বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, চীনা প্রতিষ্ঠানগুলো যুক্তরাষ্ট্রে এসে গাড়ি তৈরি করতে পারে। এতে স্থানীয় মানুষের কর্মসংস্থান হলে সেটিই তার কাছে গুরুত্বপূর্ণ। জাপানি গাড়ি নির্মাতারাও যুক্তরাষ্ট্রে কারখানা পরিচালনা করে কর্মসংস্থান সৃষ্টি করছে বলে উল্লেখ করেন ট্রাম্প।

তবে চীনে বা মেক্সিকোতে গাড়ি তৈরি করে তা যুক্তরাষ্ট্রের বাজারে পাঠানোর বিষয়ে আপত্তি জানান তিনি। ট্রাম্প বলেন, চীনা গাড়ির বিরোধিতা নয়, বরং গাড়ি কোথায় তৈরি হচ্ছে এবং এতে মার্কিন নাগরিকদের চাকরি হচ্ছে কি না, সেটিই মূল বিষয়।

ট্রাম্পের এই বক্তব্য এমন সময়ে এলো, যখন চীনা গাড়ির মার্কিন বাজারে প্রবেশ ঠেকাতে আইনপ্রণেতা ও দেশটির গাড়ি শিল্পের পক্ষ থেকে চাপ বাড়ছে। আগামী দুই সপ্তাহের মধ্যে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে ট্রাম্পের বৈঠকের কথা রয়েছে। ওই বৈঠকে চীনা গাড়ি নিয়ে কোনো সমঝোতা না করার জন্য মার্কিন গাড়ি শিল্প চাপ দিচ্ছে।

এদিকে মিশিগানের ডেমোক্র্যাট সিনেটর এলিসা স্লটকিন চীনা গাড়ি যুক্তরাষ্ট্রে বিক্রির অনুমতি দেওয়ার বিষয়ে সম্ভাব্য সমঝোতার গুঞ্জন তুলে ধরলেও ট্রাম্প সেটিকে 'সম্পূর্ণ ভুয়া গুজব' বলে উড়িয়ে দিয়েছেন। তিনি বলেন, চীনা গাড়িকে যুক্তরাষ্ট্রের বাইরে রাখার বিষয়টি তার প্রশাসন নিশ্চিত করেছে।

২০২৫ সালের শুরুতে বাইডেন প্রশাসন চীনা গাড়ি নির্মাতাদের যুক্তরাষ্ট্রে যাত্রীবাহী গাড়ি বিক্রি ও উৎপাদনের ওপর বিধিনিষেধ আরোপ করে। পাশাপাশি চীনে তৈরি বৈদ্যুতিক গাড়ির ওপর ১০০ শতাংশের বেশি শুল্ক রয়েছে।

চীনা গাড়ির প্রবেশ ঠেকাতে যুক্তরাষ্ট্রের বড় গাড়ি নির্মাতাদের সংগঠন অ্যালায়েন্স ফর অটোমোটিভ ইনোভেশনও কংগ্রেসে দ্রুত আইন পাসের আহ্বান জানিয়েছে। সংগঠনটির সদস্যদের মধ্যে জেনারেল মোটরস, ফোর্ড, টয়োটা, ভক্সওয়াগেন, হুন্দাই, হোন্ডা ও স্টেলান্টিস রয়েছে।